



কলাই (জয়পুরহাট): উপজেলার কাথাইল গোপীনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় খোলা আকাশের নীচেই চলাছে পাঠদান — ইত্তেফাক

কলাইয়ের ৭টি সরকারি স্কুল ভবন ঝুঁকিপূর্ণ

■ কলাই (জয়পুরহাট) সংবাদদাতা

কলাই উপজেলার ৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ঝুঁকিপূর্ণ অবকাঠামোর জন্যে ৭টিতে এখন খোলা আকাশের নিচেই চলাছে পাঠদান। ফলে রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজ্ঞে এবং প্রচণ্ড শীতে ক্লাস করছে শিক্ষার্থীরা। এতে করে বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি কমে যাওয়ার পাশাপাশি ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম।

উপজেলার ঝুঁকিপূর্ণ অবকাঠামোতে যে ৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খোলা আকাশের নিচে পাঠদান চলছে সেগুলোর মধ্যে ১৯৪০ সালে প্রতিষ্ঠিত সমশিরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুটি ভবন। ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত বেজখণ্ড সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন পুনর্নির্মাণ করা হয় ২০১০ সালে; ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত চাকলমুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন পুনর্নির্মাণ করা হয় ২০১০ সালে; ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত ধুপসারা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন পুনর্নির্মাণ হয় ১৯৯৫ সালে; ১৯৯২ সালে প্রতিষ্ঠিত শিব সমুদ্র সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত কাথাইল গোপীনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

দুটির অবকাঠামোগত ভবন ওই বিদ্যালয় দুটির প্রতিষ্ঠার বছরেই নির্মাণ করা হয়েছে। এছাড়াও ১৯৯০ সালে প্রতিষ্ঠিত কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকারিভাবে কোনো ভবন নির্মাণ করা হয়নি বলে প্রতিষ্ঠার বছরে মাটির নির্মিত ঘরগুলো এখন ঝুঁকিপূর্ণ হওয়ায় পাঠদান চলছে খোলা আকাশের নিচে।

ধুপসারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জিয়াউল হক বলেন, ঝুঁকিপূর্ণ অবকাঠামো এবং শ্রেণিকক্ষের অভাবে সদিচ্ছা থাকা সত্ত্বেও অনেক সময় পাঠদান ব্যাহত হয়। এ বিষয়ে কর্তৃপক্ষকে একাধিকবার অবগত করা হয়েছে। কিন্তু কোন লাভ হয়নি।

কলাই উপজেলা শিক্ষা কর্মকর্তা জহুরুল হক বলেন, উপজেলায় অধিকসহ ঝুঁকিপূর্ণ ৩টিসহ মোট ৭টি ঝুঁকিপূর্ণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিষয়ে অবগত হয়ে আমরা দ্রুত নতুন ভবন নির্মাণের দাবি জানিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর সুপারিশসহ একাধিকবার লিখিতভাবে চিঠিপত্র ও আবেদন করেছি। বরাদ্দ পোলে অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত প্রতিষ্ঠানগুলোর অবকাঠামো নির্মাণ কাজ হবে।